



স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০২.০১.২৪৯.২৩-৬৭৭

তারিখঃ ১৩/১০/২০২৬ খ্রি.

বিষয়: ডেংগু প্রতিরোধ, চিকিৎসা ব্যবস্থাপনা, পরিষ্কার-পরিচ্ছন্নতা ও জনসচেতনতামূলক কার্যক্রম জোরদারকরণ।

সূত্র: স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের (প্রশাসন-১ শাখা) ০৭/০৯/২০২৬ তারিখের ৫৯.০০.০০০০.০০০.১০৪.৯৯.০০১০.২৬-১১৪৫ নং স্মারক।

সূত্রস্থ পত্রটির প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। ডেংগুর বর্তমান পরিস্থিতি পর্যালোচনা ও প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের লক্ষ্যে গত ০৭ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এর সভাপতিত্বে প্রতিরোধ, রোগীর চিকিৎসা, হাসপাতালের প্রস্তুতি, পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং জনসচেতনতা বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় প্রদত্ত নির্দেশনার আলোকে নিম্নবর্ণিত কার্যক্রমসমূহ জরুরি ভিত্তিতে এবং সর্বোচ্চ গুরুত্বের সংগে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন সকল নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের প্রধানগণ-কে বাস্তবায়ন করতে অনুরোধ করা হলো:

- ক) সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন ও জেলা প্রশাসকের সংজ্ঞা সমন্বয় করে জেলা প্রশাসন, স্থানীয় সরকার প্রতিষ্ঠান, সিটি কর্পোরেশন/পৌরসভা/উপজেলা পরিষদ, শিক্ষা প্রতিষ্ঠান, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন, স্বৈচ্ছাসেবী প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট অন্যান্য অংশীজনের অংশগ্রহণে ডেংগু প্রতিরোধ ও জনসচেতনতামূলক সভা আয়োজন করবেন;
- খ) নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে প্রতি শনিবার পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করতে হবে। সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের ছাদ, আশিনা, বারান্দা, ড্রেন, ফুলের টব, পরিত্যক্ত পাত্র এবং পানি জমতে পারে এমন সকল স্থান নিয়মিত পরিদর্শন করে এডিস মশার সম্ভাব্য প্রজননস্থল ধ্বংস করতে হবে। এ কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য পরিদর্শন ও তদারকির মাধ্যমে নিশ্চিত করতে হবে;
- গ) ছাত্র-ছাত্রীদের হোস্টেলে প্রয়োজনীয় সংখ্যক মশারির মজুদ এবং সন্কার পর যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- ঘ) নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের প্রশাসনিক, একাডেমিক, আবাসিক, হোস্টেল ভবন এবং তৎসংলগ্ন এলাকার পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে;
- ঙ) গৃহীত কার্যক্রম স্থানীয় ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচার-প্রচারণা জোরদার করতে হবে। কর্মকর্তা/কর্মচারীদের নিজ নিজ সামাজিক যোগাযোগ মাধ্যমের একাউন্টে সংশ্লিষ্ট বিষয়ে অনুমোদিত জনসচেতনতামূলক বার্তা প্রচার করবেন।
- চ) নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে ডেংগুর প্রাদুর্ভাব প্রতিরোধকল্পে শিক্ষক/ছাত্র-ছাত্রী/কর্মচারীদের সমন্বয়ে কমিটি গঠন করে এ বিষয় সংক্রান্ত নির্দেশনা বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে; এবং
- ছ) ডেংগুর প্রাদুর্ভাব প্রতিরোধকল্পে গৃহীত পদক্ষেপসমূহের প্রমানক প্রতি ১৫ দিন পর পর নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- ২। **বিশেষ উল্লেখ্য, ডেংগু প্রতিরোধে প্রতিটি প্রতিষ্ঠানে উচ্চ পর্যায়ের তাত্ক্ষণিক পরিদর্শন কার্যক্রম শুরু হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রিসহ সচিব পরিষদের সদস্যগণ ও উচ্চ পর্যায়ের কর্মকর্তাগণ যে কোন সময় পরিদর্শন করবেন বিবেচনায় সকল সময় এ বিষয়ে প্রস্তুত থাকার জন্য অনুরোধ করা হলো।**

নাহিদ- উল মোস্তাক
(উপসচিব)
পরিচালক (শিক্ষা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১। পরিচালক, জাতীয় নার্সিং উচ্চশিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান (নিয়ানার), মুগদা, ঢাকা
- ২। অধ্যক্ষ, নার্সিং কলেজ/নার্সিং ও মিডওয়াইফারি কলেজ/নার্সিং ইনস্টিটিউট.. (সকল)
- ৩। নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ও মিডওয়াইফারি কলেজ/নার্সিং ইনস্টিটিউট (সকল)
- ৪। কো-অর্ডিনেটর, আঞ্চলিক নার্সিং ও মিডওয়াইফারি ট্রেনিং ইনস্টিটিউট, ময়মনসিংহ/রাজশাহী/চট্টগ্রাম/বরিশাল।
- ৫। কো-অর্ডিনেটর, পল্লী নার্সিং ট্রেনিং সেন্টার, হরিণাকুন্ডু, ঝিনাইদহ/পাবতলী, বগুড়া।

অনুলিপি: জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নং)

- ১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সহকারী সচিব (প্রশাসন-১ শাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।